

# বাজারে নতুন মেশিন আনল টাটা হিতাচি

নিজস্ব প্রতিনিধি : পরিকাঠামো/  
শিল্পে ও খনি শিল্পে উপযোগী  
এবং আধুনিক প্রযুক্তিতে নির্মিত  
সংস্থার জিআই-সিরিজের নতুন  
মডেল জ্যাক্সিস-২২০

হাইড্রোলিক এক্সক্যাভেটর

বাজারে আনল

টাটা হিতাচি।

পশ্চিমবঙ্গের

খড়গপুর

টাটা হিতাচির

কারখানা

থেকেই এই

যন্ত্রের

উৎপাদন

করবে

তারা।

ইতিমধ্যেই

সেখানে ৫৫০ কোটি টাকা

বিনিয়োগ করেছে তারা।

সেখানকার ভেভার পার্কে আরও

৪-৫টি সহযোগী সংস্থা বিনিয়োগ

করতে উৎসাহী হয়েছে বলে

খবর। টাটা হিতাচির তরফ

থেকে জানানো হয়েছে, ৯০

একর জমির ওপর এই ভেভার

পার্কটিতে প্রায় ২৫০ কোটির

টাকার বিনিয়োগের প্রস্তাব

রেখেছে ওই সহযোগী

সংস্থাগুলি। এর ফলে ৪০০-৫০০

নতুন কর্মসংস্থান হওয়ার  
সুযোগও রয়েছে বলে জানানেন  
টাটা হিতাচির ম্যানেজিং  
ডিরেক্টর রানা সিন্হা। তাদের  
নতুন এই যন্ত্রটির দাম মোটামুটি  
৫০ লক্ষ টাকার কাছাকাছি বলে  
জানানো হয়েছে। তবে এর  
ওপরে কর যুক্ত হবে। রানা  
সিন্হা আরও জানান, ভারতের  
প্রথম সারির সংস্থা টাটার সঙ্গে  
জাপানি সংস্থার যৌথ

উদ্যোগে প্রযুক্তিগত

দিক থেকে

তাদের

নির্মিত যন্ত্র

অনেকটাই

বাজার

ধরতে সফল

হবে। ইতিমধ্যেই আফ্রিকা,

দক্ষিণ-পূর্ব এশিয়া এবং

আরবিয়ান দেশগুলির মধ্যে এই

যন্ত্রের অর্ডার আসতে শুরু

করেছে।

রফতানির ক্ষেত্রেও বিস্তার

লাভ করতে তারা যেমন সফল

হবে বলে আশাপ্রকাশ করেছে।

তেমনই ভারতের এই ধরনের

যন্ত্রের যে বিপুল বাজার রয়েছে

সে কথা উল্লেখ করতে

ভোলেননি তিনি।

